## Government of the People's Republic of Bangladesh

Office of the Executive Engineer
Dhaka PWD Division-IV, 15 Abdul Gani Road, Dhaka
Phone No. (02)-223388778 Fax: (02)-223388778

### 3rd e-Tender Corrigendum Notice (OTM)

e-Tender is invited in the National e-GP Portal (https://www.eprocure.gov.bd) for the procurement of the following works:

| Sl No. | Tender ID | Invitation Reference Number (IFT No.) | New last selling date & time | New closing and opening date & time | Correction |
|---|---|---|---|---|---|
| 1 | 672689 | 157/Dpp/D-IV/V of 2021-2022 | 25-May-2022 14:00 | 26-May-2022 15:00 | Old Criteria: Successful completion of 01 (one) number of 8-storied RCC Building with 2 basement. New Criteria: Successful completion of 01 (one) number of 7-storied RCC Building with 1 Basement (7 story+1 basement) |

This is an online tender, where e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit tender registration in the e-GP System Portal (https://www.eprocure.gov.bd) is required. This notice is also available in www.pwd.gov.bd.

The fees for downloading the e-Tender documents from the National e-GP System Portal have to be deposited online through any e-GP registered bank's branches up to date & time mentioned in respective tender. Further information and guideline are available in the National e-GP Portal and from e-GP helpdesk (helpdesk@eprocure.gov.bd).

**Md. Mahabubur Rahman**
Executive Engineer
Dhaka PWD Division-IV, Dhaka

GD-891

---

## ইনস্টিটিউট অব টেকনোলজি ট্রান্সফার এন্ড ইনোভেশন (আইটিটিআই)

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH

Ref No. 39. 02.0000.084.07.01.22/01 তারিখ: ২৮.০৪.২০২২

### Tender Notice (OTM)

e-Tender are invited in the National e-GP System Portal (https://www.eprocure.gov.bd) for the procurement of following Tender ID.

| e-Tender ID | Name of Supply | Tender Closing & Opening Date and Time |
|---|---|---|
| 693412 | Supply of Research items and Chemicals | 16-May-2022 14:00:00 |

This is online tender where only e-Tender will be accepted in the National e-GP system Portal ((https://www.eprocure.gov.bd) and no offline/ hard copies will be accepted.

**Md. Rezaul Karim**
**Officer-in-Charge**
**ITTI, BCSIR**

GD-889

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১-৩৩৭ তারিখ: ১৫ বৈশাখ, ১৪২৯ / ২৮ এপ্রিল, ২০২২

### হজ ১৪৪৩ হিজরি/ ২০২২ খ্রিষ্টাব্দে হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গ এবং হজ-সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিশেষ বিজ্ঞপ্তি:

১৪৪৩ হিজরি/২০২২ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিতব্য হজে গমনেচ্ছু এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড পরিস্থিতি বিশ্বের সকল দেশে এখনো সম্পূর্ণ স্বাভাবিক না হওয়ায় এ বছর বিশেষ পরিস্থিতিতে এবং স্বল্পতম সময়ের প্রস্তুতিতে হজ অনুষ্ঠিত হতে যাচ্ছে। সুষ্ঠুভাবে হজ অনুষ্ঠানের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে হজে গমনেচ্ছু ব্যক্তি এবং হজ কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

(ক) ১৪৪৩ হিজরি/ ২০২২ সনের হজে ৬৫ বছর (পাসপোর্ট অনুযায়ী যাঁদের জন্ম তারিখ ১ জুলাই ১৯৫৭ খ্রিষ্টাব্দ এবং পরবর্তী) এর কম বয়সী ব্যক্তিই কেবল হজ পালনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন;

(খ) ১৪৪১ হিজরি/ ২০২০ খ্রিষ্টাব্দে সকল সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধিত (Registered) হজযাত্রী ১৪৪৩ হিজরি সনে হজে যাবার সুযোগ পাবেন;

(গ) ১৪৪১ হিজরি/ ২০২০ খ্রিষ্টাব্দে ৬৫ বছরের উর্ধ্বে (পাসপোর্ট অনুযায়ী যাঁদের জন্ম তারিখ ৩০ জুন ১৯৫৭ সনে বা পূর্বে) নিবন্ধিত (Registered) বয়স্ক হজযাত্রী/ইতোমধ্যে মৃত্যুবরণকারী ব্যক্তির পরিবারের সদস্যদের মধ্যে কেউ হজে যেতে আগ্রহী হলে তিনি উক্ত শূন্য কোটায় অগ্রাধিকার পাবেন। সরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট অনতিবিলম্বে বদলি হজযাত্রীর পাসপোর্টসহ আবেদন করবেন। বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে আগ্রহীগণ যোগ্য স্ব স্ব হজ এজেন্সির সঙ্গে যোগাযোগ করবেন। উভয় ক্ষেত্রেই, প্রস্তাবিত ব্যক্তির প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে হবে;

(ঘ) স্বল্পতম সময়ের মধ্যে ২০২২ সনের হজের জন্য নতুনভাবে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করে ভিসা আবেদন করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে প্রস্তুতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো;

(১) ২০২০ সনের নিবন্ধিত সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ ২০২২ সনের হজ প্যাকেজ ঘোষণার ৩ কার্যদিবসের মধ্যে যেকোনো নিবন্ধন কেন্দ্র হতে প্যাকেজ স্থানান্তর সম্পন্ন করবেন। এজন্য, ২০২০ সনে পরিশোধিত প্যাকেজ মূল্য সমন্বয় করে ২০২২ সনের যে কোনো একটি প্যাকেজের অবশিষ্ট অর্থ ভাউচারের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা করতে হবে। প্যাকেজ স্থানান্তর/নিবন্ধনের ৩ দিনের মধ্যে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের স্ব স্ব পাসপোর্ট নিজ দায়িত্বে বিনা ব্যর্থতায় হজ অফিস ঢাকায় জমা দিতে হবে;

(২) বেসরকারি ব্যবস্থাপনার ২০২০ সনের নিবন্ধিত হজযাত্রীগণ নিজ নিজ এজেন্সি ঘোষিত প্যাকেজ (সরকারি ব্যবস্থাপনার সর্বনিম্ন প্যাকেজের নিম্নে নয়) দ্রুত নির্ধারণ ও অবশিষ্ট অর্থ পরিশোধ করে এজেন্সির সহায়তায় হজে গমনের কার্যক্রম গ্রহণ করবেন;

(৩) নিবন্ধন নিশ্চিত করার জন্য সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছুগণ পাসপোর্ট এর মেয়াদ যাচাই করে কমপক্ষে ৪ জানুয়ারি ২০২৩ সন পর্যন্ত মেয়াদযুক্ত পাসপোর্ট প্রস্তুত রাখবেন। যাঁদের পাসপোর্টের মেয়াদ শেষ হয়ে গেছে বা নতুন করে পাসপোর্ট করতে হবে, তাঁরা অতীব জরুরী ভিত্তিতে পাসপোর্ট করবেন;

(৪) হজের সময়ে সৌদি কর্তৃপক্ষের নিয়ম মোতাবেক প্রতিটি স্থানে গ্রুপভিত্তিক চলাচল করতে হবে;

(৫) হজের সফরের প্রতিটি ক্ষেত্রে রাজকীয় সৌদি সরকারের প্রবর্তিত নিয়ম অনুসারে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;

(৬) কোভিড ভ্যাকসিন এবং ভ্যাকসিনের বুষ্টার ডোজ গ্রহণ করে টিকা গ্রহণের সার্টিফিকেট হজের পুরো সফরে ব্যবহারের লক্ষ্যে একাধিক কপি/ আইডি কার্ড আকারে লেমিনেট কপি প্রস্তুত রাখবেন;

(৭) নিবন্ধন ব্যতিত কোভিড ভ্যাকসিন নিয়ে থাকলে অথবা "সুরক্ষা" এ্যাপস-এ টিকা নেয়ার তথ্য আপডেট নেই এমন হজযাত্রীকে টিকা গ্রহণের তথ্য "সুরক্ষা" এ্যাপস-এ অন্তর্ভুক্তিক্রমে টিকার সার্টিফিকেট গ্রহণ করতে হবে অর্থ্যাৎ টিকা গ্রহণ করলেই চলবে না টিকা গ্রহণের সার্টিফিকেট অবশ্যই সঙ্গে নিতে হবে;

(৮) হজে গমনের ৭২ ঘন্টার মধ্যে কোভিড পরিক্ষার নেগেটিভ রিপোর্ট সঙ্গে নিতে হবে;

(৯) হজযাত্রীগণ নিয়মিত সেবন করেন এরূপ কোন ঔষধ সৌদি আরবে নেওয়ার প্রয়োজন থাকলে তা অবশ্যই রেজিষ্ট্রার্ড চিকিৎসকের/হাসপাতালের ব্যবস্থাপত্র সঙ্গে করে লাগেজে বহন করবেন। কোন প্রকার ব্যবস্থাপত্র বিহীন ঔষধ সঙ্গে নেয়া যাবে না;

(১০) হজযাত্রী, গাইড বা সংশ্লিষ্ট কোন ব্যক্তি জর্দা, গুলসহ নেশাজাতীয় দ্রব্য সঙ্গে নিতে পারবেন না;

(১১) সৌদি সরকারের নিয়ম অনুযায়ী সৌদি আরব হতে প্রত্যাগমনের সময় ৬০,০০০ (ষাট হাজার) সৌদি রিয়ালের অধিক নগদ অর্থ বা সমমূল্যের স্বর্ণালংকার বা মূল্যবান কোন দ্রব্যাদি বহন করলে উক্ত যাত্রীকে সৌদি স্থানীয় কাস্টমস কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে এবং মূল্যবান দ্রব্যাদি ক্রয়ের ইলেক্ট্রিক্যাল ভাউচার প্রদর্শন করতে হবে;

(১২) হজের বিষয়ে কোন তথ্য জানার জন্য হজ অফিস, ঢাকার কলসেন্টার ০৯৬০২৬৬৬৭০৭ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

হজের বিষয়ে এরপরও কোন তথ্য জানার প্রয়োজন হলে হজ অনুবিভাগের ফোকাল পয়েন্ট উপসচিব (হজ-১) জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন মোবাইল নম্বর: ০১৭২০-২০৯৫৯৯, ই-মেইল: akm.shaheen@gmail.com এ যোগাযোগ করতে পারবেন।

২৮.০৪.২০২২
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
ই-মেইল: akm.shaheen@gmail.com

GD-896

---

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

অস্থায়ী কার্যালয় : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ওয়েবঃ www.bsmraau.edu.bd, ই-মেইলঃ estb@bsmraau.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ বিএসএমআরএএইউ/রেজিস্ট্রার-১৫৬/২০২২/২৫ তারিখ : ২৮ এপ্রিল ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**শিক্ষকঃ**

| ক্রঃ | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (টাকা) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | অধ্যাপক (গ্রেড-৩) | ৫৬,৫০০-৭৪,৪০০/- | ইঞ্জিনিয়ারিং/পদার্থ/রসায়ন/গণিত-০৪ ব্যবসায় প্রশাসন-০১ | ১। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmraau.edu.bd) পাওয়া যাবে। ২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৩ মে ২০২২। |
| ২। | সহকারী অধ্যাপক (গ্রেড-৬) | ৩৫,৫০০-৬৭,০১০/- | ইঞ্জিনিয়ারিং-০২ পদার্থবিদ্যা/রসায়ন-০১ আইন/ইংরেজি-০১ | |
| ৩। | প্রভাষক (গ্রেড-৯) | ২২,০০০-৫৩,০৬০/- | ইঞ্জিনিয়ারিং-০১ | |

**কর্মকর্তা/কর্মচারীঃ**

| ক্রঃ | পদের নাম ও পদসংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেডিক্যাল অফিসার-০১ | ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৩০ বছর | এমবিবিএস | ১। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmraau.edu.bd) দেখুন। ২। সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ/সদস্যবৃন্দ আবেদন করতে পারবেন এবং তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। ৩। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৩ মে ২০২২। |
| ২। | অফিস সহায়ক-০১ | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ৩০ বছর | এসএসসি পাস | |
| ৩। | পরিচ্ছন্নতাকর্মী-০১ | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ৩০ বছর | ৮ম শ্রেণি পাস | |

রেজিস্ট্রার
বিএসএমআরএএইউ

**শর্তাবলী**

১। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র ২৩ মে ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় ডাকযোগে / সরাসরি রেজিস্ট্রার অফিসে অথবা estb@bsmraau.edu.bd ই-মেইল ঠিকানায় পৌছাতে হবে। আবেদন ফরমসমূহ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীর পদের নাম খামের উপর / ই-মেইল ঠিকানায় স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। ডাকযোগে পাঠানো আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএএইউ) এর অনুকূলে যে কোনো তফশিলী ব্যাংক হতে ৩য় ও ৬ষ্ঠ গ্রেডের জন্য ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত), ৯ম গ্রেডের জন্য ১,০০০.০০ (এক হাজার) এবং ২০তম গ্রেডের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমান ও তারিখ উল্লেখ করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর স্ক্যানকপি সংযুক্ত করতে হবে এবং পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর মূলকপি আবেদনপত্রের ফটোকপি সমেত সরাসরি / ডাকযোগে প্রেরণ করতে হবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে. মি x ৫ সে. মি সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমাদান করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে উল্লেখিত সনদসমূহের স্ক্যানকপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমাদান করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা (প্রযোজ্য ক্ষেত্রে) সর্বোচ্চ সীমার মধ্যে থাকতে হবে। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা শিথিলযোগ্য।

৬। চাকুরীরত প্রার্থীদের তাদের নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় ৯ম গ্রেড ও তদূর্ধ্ব প্রার্থীগণকে ইংরেজিতে পারদর্শী হতে হবে।

৮। লিখিত / মৌখিক পরীক্ষার তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd এর মাধ্যমে জানানো হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোনো ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

GD-895

---

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

(বিএসএমআরএএইউ)
পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫
একচেঞ্জঃ ৫৫০৬০০০০, সম্প্রঃ ৫০৯৯, মোবাইল নংঃ ০১৭৬৯৯৯৫০৯৯
Website for Online Application: www.bsmraau.edu.bd

### স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি
### শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী স্যাটেলাইন কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে (Master of Science in Satellite Communication Engineering, (M.Sc Engg)/ Master of Satellite Communication Engineering, (M.Engg) এবং স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বিভাগে (Master of Science in Space Systems Engineering, (M.Sc Engg)/Master of Space Systems Engineering, (M.Engg) প্রোগ্রামসমূহে প্রতিটি বিষয়ে ১৫টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণপূর্বক আবেদন করতে পারবেন। স্নাতকোত্তর কোর্সসমূহের শিক্ষা কার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসমূহ আবিশ্যকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা মেনে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং অনলাইনে আবেদনের লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে জমা দিয়ে নির্দিষ্ট এসএমএস ফরমেট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন বিষয়ে সহায়তার জন্য ই-মেইলে admission@bsmraau.edu.bd এবং মোবাইল নং +৮৮০১৭৬৯৯৯৫০৯৯ এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

| ক্রমিক নং | ভর্তি কার্যক্রমের বিবরণ | তারিখ ও সময় |
|---|---|---|
| ১। | অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ | ০৯ মে ২০২২, সোমবার দুপুর ১২:০০ ঘটিকা |
| ২। | অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত | ২৩ মে ২০২২, সোমবার রাত ১২:০০ ঘটিকা |
| ৩। | টেলিটক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি সার্ভিস চার্জ সহ ১০০০/- টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময় | ২৫ মে ২০২২, বুধবার দুপুর ১২:০০ ঘটিকা |
| ৪। | বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ২৯ মে ২০২২, রবিবার |
| ৫। | ভর্তি পরীক্ষার তারিখ | ১০ জুন ২০২২, শুক্রবার। (সকাল ১০০০ ঘটিকা থেকে ১২০০ ঘটিকা পর্যন্ত)। |
| ৬। | ভর্তি পরীক্ষার স্থান | বিশ্ববিদ্যালয়ের এর ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)। |
| ৭। | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ এবং সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রকাশ | ১৬ জুন ২০২২, বৃহস্পতিবার |
| ৮। | ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ সাক্ষাতকারের তারিখ এবং স্থান | ১৯ জুন ২০২২, রবিবার থেকে ২০ জুন ২০২২, সোমবার পর্যন্ত। বিএসএমআরএএইউ এর ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমানবাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)। |
| ৯। | ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ | ২৬ জুন ২০২২, রবিবার |

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রেজিষ্ট্রার
(বিএসএমআরএএইউ)

জিডি-৮৮৬